

## প্রেস বিজ্ঞপ্তি

### ‘সফটওয়্যার ফর ইনল্যান্ড শিপ ম্যানেজমেন্ট সিস্টেম’ কার্যক্রম উদ্বোধন ঘরে বসেই নৌযানের সার্ভে সনদ পাওয়া যাবে-নৌ পরিবহণ মন্ত্রী

ঢাকা, ১২ সেপ্টেম্বর;

প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশ গড়ার উদ্যোগ সফল হয়েছে। এখন ঘরে বসেই অনলাইনে আবেদনের মাধ্যমে নৌযানের সার্ভে সনদ পাওয়া যাবে। নৌযান মালিকদের ভোগান্তি কমে আসবে। সরকার নাবিকদের জন্য অনলাইন আইডি প্রবর্তন করেছে। এর ফলে সমুদ্রগামী জাহাজে কর্মরত নাবিকরা পৃথিবীর যে কোন প্রান্তে বসে তাদের সনদসমূহ ডেরিফিকেশন করতে পারছে, ফলশ্রুতিতে বিভিন্ন পোতাশ্রয় ও বিমান বন্দরে বাংলাদেশ নাবিকদের হয়রানি বন্ধ হয়েছে।

নৌ পরিবহণ মন্ত্রী শাজাহান খান, এমপি আজ (১২ সেপ্টেম্বর) ঢাকায় বিআইডব্লিউটিএ’র মিলনায়তনে নৌ পরিবহণ অধিদপ্তরের অনলাইন সেবা পূর্ণাঙ্গভাবে চালু করার লক্ষ্যে ‘সফটওয়্যার ফর ইনল্যান্ড শিপ ম্যানেজমেন্ট সিস্টেম’ কার্যক্রমের উদ্বোধন অনুষ্ঠানে এসব কথা বলেন।

শাজাহান খান বলেন, নৌপথ সচল, নৌপথ রক্ষা ও নদীকে কাজে লাগানো এবং নৌপথের নিরাপত্তা ও যাত্রীসেবার মান উন্নয়নের লক্ষ্যে সরকার কাজ করে চলেছে। নৌযান সার্ভে ও পরিদর্শন কাজ তদারকির জন্য নৌপরিবহণ অধিদপ্তরকে আধুনিকায়ন করা হয়েছে। সরকারের ঐকান্তিক প্রয়াসে নৌপরিবহণ অধিদপ্তরের জন্য নতুন ১৫৬ টি পদ সৃষ্টি করা হয়েছে। নৌযান সার্ভেের জন্য ২১ টি সার্ভেয়ারের পদ সৃষ্টি করা হয়েছে। আগে সার্ভেয়ারের পদ ছিল মাত্র ৪টি। ১১টি সার্ভেয়ার পদের জন্য পাবলিক সার্ভিস কমিশন ইতিমধ্যে বিজ্ঞপ্তি দিয়েছে। আরো ১০ জন সার্ভেয়ার নিয়োগ করা হবে। পরিদর্শকের পদ ছিল ৮টি। নতুন করে ১২জন পরিদর্শকের নিয়োগের প্রক্রিয়া শেষ পর্যায়ে রয়েছে।

মন্ত্রী বলেন, ‘স্টোভাল মেরিটাইম ডিসট্রেস এন্ড সেইফটি সিস্টেম এন্ড ইন্টিগ্রেটেড মেরিটাইম নেভিগেশন সিস্টেম’ (জিএমডিএসএস এন্ড আইএমএনএস) প্রকল্পের আওতায় কক্সবাজার, সেন্টমার্টিন ও কুতুবদিয়ায় অবস্থিত লাইট হাউজসমূহ আধুনিকীকরণ এবং নিব্বাধীপ, ঢালচর, দুবলারচর ও কুয়াকাটায় নতুন লাইটহাউজ ও কোস্টাল রেডিও স্টেশন স্থাপন করা হবে। সমুদ্রের যে কোনো স্থানে জাহাজ বিপদগ্রস্ত হলে এবং বাংলাদেশের অভ্যন্তরীণ ও উপকূলীয় এলাকায় সকল ধরণের জাহাজ, নৌকা, ট্রলার ইত্যাদি উদ্ধার কার্যক্রমে সহায়তা প্রদান করা যাবে।

অনলাইন সেবা কার্যক্রম চালু হলে একজন নৌযান মালিক তার নৌযান সার্ভেের লক্ষ্যে নৌপরিবহণ অধিদপ্তরের ওয়েবসাইট [www.dos.gov.bd](http://www.dos.gov.bd)-এ গিয়ে ‘অনলাইনে আবেদন’ অংশে ক্লিক করে নিবন্ধনভুক্ত হবেন। এরপর জাহাজ মালিক অনলাইন আবেদন ফরমটি পূরণ করে তার পছন্দ মোতাবেক সার্ভেয়ারের নিকট সাবমিট করবেন এবং পূরণকৃত আবেদনের একটি কপি প্রিন্ট করে তাতে স্বাক্ষর দিয়ে আনুষংগিক কাগজপত্রসহ সার্ভেে অফিসে জমা দিবেন। নৌযানটি সরেজমিনে সার্ভেের পর সংশ্লিষ্ট সার্ভেয়ার উক্ত আবেদনের ‘সার্ভেয়ারের জন্য প্রয়োজ্য’ অংশটি পূরণ করে প্রধান কার্যালয়ে সাবমিট করবেন। প্রধান কার্যালয়ে আবেদনটি পাওয়ার পর প্রথমে ‘অপারেটর’ অনলাইন আবেদনটি যথাযথ আছে কিনা তা যাচাই বাছাই করে সঠিক পেলে দ্বিতীয় পর্যায়ে ‘চীফ ইন্সপেক্টর’ এর নিকট সাবমিট করবেন। চীফ ইন্সপেক্টর আবেদনটি পরীক্ষা করে যথাযথ পেলে তৃতীয় পর্যায়ে ‘চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার’ বরাবর সাবমিট করবেন। চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার আবেদনটি যথাযথ পেলে ‘মহাপরিচালক’ বরাবর সাবমিট করবেন। মহাপরিচালক স্বয়ংক্রিয়ভাবে তৈরি আলোচ্য নৌযানটির সার্ভেে সনদের নির্ধারিত স্থানে অনুমোদন প্রদান এবং সাবমিট করলে সার্ভেে সনদটি স্বাক্ষরসহ আবেদনকারীর নিকট ফেরৎ যাবে এবং তিনি সাথে সাথে মোবাইল মেসেজের মাধ্যমে বিষয়টি জানতে পারবেন। সবশেষে আবেদনকারি ঘরে বসে তার নৌযানের সার্ভেে সনদটি প্রিন্ট করে প্রয়োজনীয় কার্যাদি সম্পন্ন করতে পারবেন।

নৌ পরিবহণ অধিদপ্তর ইতিপূর্বে যে সকল অনলাইন সেবা চালু করেছিল সেগুলোর বেশীর ভাগই ছিল আন্তর্জাতিক শিপিং সংশ্লিষ্ট। বর্তমানে নৌপরিবহণ অধিদপ্তর হতে অভ্যন্তরীণ শিপিং সংশ্লিষ্ট যে সকল অনলাইন সেবা প্রদান করা হবে তার মধ্যে প্রধানতঃ নৌযান সার্ভেের জন্য আবেদন, রেজিস্ট্রেশনের জন্য আবেদন, নতুন নামকরণের ছাড়পত্রের আবেদন, মালিকানা পরিবর্তন সংক্রান্ত আবেদন, ভয়েজ লাইসেন্স, নকশা অনুমোদনের জন্য আবেদন, টাঙ্ক নম্বরের জন্য আবেদন প্রভৃতি।

নৌপরিবহণ অধিদপ্তরের মহাপরিচালক কমডোর সৈয়দ আরিফুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন নৌপরিবহণ মন্ত্রণালয়ের সচিব মোঃ আবদুস সামাদ, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-চলাচল (যাত্রী পরিবহন) কর্তৃপক্ষের সহ-সভাপতি সাইদুর রহমান রিন্টু, বাংলাদেশ কার্গো ভেসেল অনার্স এসোসিয়েশনের সভাপতি নুরুল হক এবং নৌপরিবহণ অধিদপ্তরের চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার মোঃ মঞ্জুরুল কবীর।

(মোঃ জাহাঙ্গীর আলম খান)

সিনিয়র তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

নৌপরিবহণ মন্ত্রণালয়

☎ ৯৫৭৩৭৭৬ (অফিস)

☎ ৬৬১৬৮৭০ (বাসা)

☎ ০১৭১১৪২৫৩৬৪

[jahangirpro66@gmail.com](mailto:jahangirpro66@gmail.com)